

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটির তৃতীয় সভা।

টিম লিডার : ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন ভূইয়া, সহযোগী অধ্যাপক, সার্জারী।

ফোকাল পার্সন : ডাঃ এম এ ওসমান ফারুকী, সহকারী অধ্যাপক, সার্জারী।

বিকল্প ফোকাল পার্সন : ডাঃ এ কে এম শফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজী বিভাগ।

সভার কার্যবিবরণী


অদ্য ০৬/০৩/২০২৪ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১টায় সার্জারী বিভাগের সেমিনার রুমে এপিএ এর উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন ভূইয়া, সহযোগী অধ্যাপক, সার্জারী। সভায় উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটির কার্যপরিধি নিয়ে সভাকে অবহিত করেন।

এপিএ এর আওতায় উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটির ৩য় ত্রৈমাসিক কাজের লক্ষ্যমাত্রা নিম্নরূপ:-

- ক) ল্যাবরেটরী ইনভেস্টিগেশনের ক্ষেত্রে ওয়ান ষ্টপ সেবা চালুকরন।
- খ) শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের অনলাইন মনিটরিং এর জন্য Student software চালুকরন।
- গ) তথ্য আদান প্রদানের জন্য বিভিন্ন Whats app group চালুকরন।
- ঘ) Picture archiving and communicating system (PACS) এর ব্যবহার।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ডাঃ এম এ ওসমান ফারুকী)  
ফোকাল পার্সন

উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটি(এপিএ)  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

  
ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন ভূইয়া  
সভাপতি


উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটি (এপিএ)  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

এপিএ এর উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটি

৩য় ত্রৈমাসিক সিদ্ধান্ত বাস্তবায়ন নিম্নরূপ:-

- ১। হাসপাতালের সেবা গ্রহীতাদের সেবার অন্যতম উপকরন প্যাথলজিক্যাল ইনভেস্টিগেশন। আর প্যাথলজিক্যাল ইনভেস্টিগেশন বা পরীক্ষা নিরীক্ষা করার সময় রোগীর যেন পরিশ্রম বা সময় নষ্ট না হয় এজন্য কুমিল্লা মেডিকেল কলেজে ওয়ান স্টপ সেবা চালু করা হয়েছে।
- ২। শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের অনলাইন মনিটরিং এর জন্য Student software এর কার্যক্রম প্রক্রিয়াধীন।
- ৩। একাডেমিক তথ্য আদান প্রদানের জন্য বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের ও বিভিন্ন নির্ধারিত বিষয়ের শিক্ষকদের সমন্বয়ে Whats app group চালু করা হয়েছে।
- ৪। Picture archiving and communicating system (PACS) এর ব্যবহার: এর মাধ্যমে রেডিওলজী এন্ড ইমেজিং বিভাগে সম্পন্ন CT scan, MRI ও অন্যান্য Imaging পরীক্ষার Image and Report সরাসরি ই মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে (যেমন হেপাটোলজী, নিউরোলজী) প্রেরন করা হয়। ফলে সংশ্লিষ্ট চিকিৎসক তৎক্ষনাৎ রিপোর্ট মূল্যায়ন করে রোগীর পরবর্তী চিকিৎসা নির্ধারণ করেন।

  
06.3.24

(ডাঃ এম এ ওসমান কারুকী)

ফোকাল পার্সন

উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটি(এপিএ)  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা



(ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন ভূঁইয়া)

সভাপতি

উদ্ভাবন পরিকল্পনা প্রনয়ন কমিটি(এপিএ)  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা